# রাজশাহী সিটি কর্পোরেশন
# রাজশাহী

## অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির গত ০৫.০২.২০২৪ইং তারিখের মুলতবী সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এ.এইচ.এম.খায়রুজ্জামান লিটন, মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | ঃ | **২৩ মাঘ ১৪৩০ বাংলা, ০৬ ফেব্রুয়ারী ২০২৪খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার** |
| সময় | ঃ | সকাল ১২:০০ ঘটিকায় |
| স্থান | ঃ | সরিৎ দত্ত গুপ্ত সভা কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ “ক”

রাজশাহী সিটি কর্পোরেশনের সামগ্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শুরু করেন। বিগত সভা সমূহের আলোচনা ও পর্যালোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১১। আদর্শ কর তফশিল-২০১৬ এর ৯ ধারায় সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত তিন তারকার নিম্নে সকল আবাসিক হোটেল কক্ষের ভাড়া সহিত উপ-দফা (১) এ ২% নগর কর আদায় পূর্বক সিটি কর্পোরেশনকে প্রদানের বিষয় অন্তর্ভুক্ত করণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, তিন তারকা সহ উর্দ্ধে আবাসিক হোটেলের রত্রিযাপন করলে ভাড়ার সাথে কর আদায়ের বিধান করা হয়েছে। কিন্তু এ সুবিধা ঢাকা, চট্টগ্রাম পেলেও আমাদের মত সিটি কর্পোরেশন এ আয় থেকে বঞ্চিত। ইতিপূর্বে হোটেলে রাত্রি যাপনের উপর ২% কর বহাল ছিল। এ ব্যবস্থা তিন তারকার নিম্নে হোটেলে চালু করলে সিটি কর্পোরেশন আয়ের খাত বৃদ্ধি পেত। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় রাজশাহী মহানগরীর তিন তারকার নিম্নে সকল আবাসিক হোটেলে রাত্রী যাপনের জন্য পূর্বের ন্যায় ২% ভাড়ার উপর কর আদায়ের বিষয় অন্তর্ভুক্ত করার প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১২। সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন সিটি হাট ১৪৩১ বঙ্গাব্দ বছরে ইজারা প্রদান কল্পে প্রাপ্ত দর বিবেচনার জন্য ২৮.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সভার সুপারিশ অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় উপসচিব জানান, সকল প্রকার বিধিবিধান মেনে ১৪৩১ সনে সিটি হাট ইজারা প্রদান করা হয়েছে। তিনি জানান, এ বছরে সিটি হাট ৩,৬১,০০,০০০/- (তিন কোটি একষট্টি লক্ষ) টাকা চুড়ান্ত করা হয়েছে। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় সিটি হাট ১৪৩১ বঙ্গাব্দ বছরে ইজারা প্রদান কল্পে প্রাপ্ত দর দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সুপারিশ কৃত ৩,৬১,০০,০০০/- (তিন কোটি একষট্টি লক্ষ) টাকা অনুমোদনের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৩। শাপলা সুপার মার্কেট, স্বপ্নচুড়া মার্কেট, বৈশাখী মার্কেট বরাদ্দ গ্রহীতা/উদ্যোগী সংস্থার নিকট ভাড়া/সেলামী মূল্য আদায় বারংবার পত্র প্রেরণ করেও আদায় না হওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় মাননীয় মেয়র বরেন, সিটি সেন্টারের পুনর্বাসন করতে গিয়ে ২৪-২৫ জন ব্যবসায়ী টাকা না দিয়ে বা আংশিক টাকা দিয়ে মামলা করায় সিটি কর্পোরেশন ক্ষতিগ্রস্থ হচ্ছে। প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, মামলা বর্তমানে আপিল বিভাগে রয়েছে। এছাড়া উল্লেখিত ৩টি মার্কেট উদ্যোগী সংস্থার কাছে বার বার পত্র প্রেরণ করেও দোকান চালু সহ ভাড়া আদায় সম্ভব হচ্ছে না। সভায় সচিব জানান, সম্মানিত কাউন্সিলরগণ ও কর্মকর্তাদের সমন্বয়ে একটি উপকমিটি করে দিলে তাদের নিয়ে আলোচনার ফলাফল মাননীয় মেয়র মহোদয়কে অবহিত করা যেতে পারে। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় জনাব নিযাম উল আযীম, প্যানেল মেয়র-১, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১ কে আহ্বায়ক করে জনাব মোঃ আবু বাক্কার কিনু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১১, জনাব মোঃ সরিফুল ইসলাম বাবু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১২, রাসেল জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯ ও বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা কে সদস্য অন্তর্ভুক্ত করে এবং এ কাজে প্রধান রাজস্ব কর্মকর্তাকে সদস্য সচিব করে উল্লেখিত মার্কেট গুলির সমস্যা নিরসণ ও সুপারিশ করা প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৪। হড়গ্রাম সুপার মার্কেটের ৩য় তলার বরাদ্দকৃত দোকান সমূহের ভাড়া আদায়ের বিষয়ে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** এ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, হড়গ্রাম সুপার মার্কেটের ৩য় তলার বরাদ্দকৃত দোকান সমুহের ভাড়া হচ্ছে না, এ বিষয়ে কমিটির পরামর্শ চান। সভায় মাননীয় মেয়র বলেন, উক্ত মার্কেট বিষয়ে জনাব মোঃ আশরাফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ কে আহ্বায়ক, জনাব মোঃ কামরুজ্জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫ কে সদস্য ও প্রধান রাজস্ব কর্মকর্তাকে সদস্য সচিব করে ভাড়া আদায়ের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা দেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় হড়গ্রাম সুপার মার্কেটের বিষয়ে জনাব মোঃ আশরাফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ কে আহ্বায়ক, জনাব মোঃ কামরুজ্জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫ কে সদস্য ও প্রধান রাজস্ব কর্মকর্তাকে সদস্য সচিব করে ভাড়া আদায়ের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৫। লালন শাহ্ পার্কের পশ্চিমাংশে ব্লক এ নোঙ্গরের মাসিক ভাড়ার ভিত্তিতে ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রস্তুতকৃত খসড়া শর্তাবলী ও সিডিউল বিষয়ে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় উপসচিব জানান, লালন শাহ্ পার্কের পশ্চিমাংশে ব্লক-এ নোঙ্গরের মাসিক ভাড়া ভিত্তিতে ৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা চেয়েছেন। তিনি ভাড়া নির্ধারণ ও শর্তাবলী কি হবে তা কমিটি মাধ্যমে নির্দেশনা দিলে এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ সহজ হবে। উক্ত ৩৭৯০ বর্গফুট জায়গার মধ্যে পাকা ২৯৬৭ বর্গফুট ও সেমিপাকা ৮২৩ বর্গফুট রয়েছে। এ বিষয়ে খসড়া

শর্তাবলী উপস্থাপন করেন। স্থাপনা সমুহের ভাড়া নির্ধারণ করা রয়েছে ১০(দশ) টাকা প্রতি বর্গফুট। উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দর দাতাকে বিবেচনা করতে পারে। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় এ বিষয়ে শর্তাবলী চুড়ান্ত অনুমোদন গ্রহণ করে তা দরপত্র আহ্বানের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে প্রদানের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৬। রাজশাহী সিটি কর্পোরেশনের মডেল ট্যাক্স সিডিউল ২০১৬ এর বহির্ভুত ব্যাবসার ধরণ অন্তভুক্তকরণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব**

**আলোচনা ঃ** এ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, ছকে উল্লেখিত ব্যাবসার ধরণ মডেল ট্যাক্স সিডিউলে অন্তর্ভুক্তকরনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে এবং তা অনুমোদন হলে রাজস্ব আয় বৃদ্ধি করা সম্ভব হতো।

আদর্শকর তপসিল ২০১৬ বর্হিভুত নতুন ব্যবসা/প্রতিষ্ঠানের বিবরন ও প্রস্তাবিত ফি এর তালিকা

| ক্রমিক নং | ব্যবসার ধরন (ক্যাটাগরি) | প্রস্তাবিত ট্রেড লাইসেন্স ফি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান | ১০,০০০.০০ | নতুন |
| ২ | এজেন্ট ব্যাংকিং/শাখা ব্যাংকিং | ৫,০০০.০০ | ঐ |
| ৩ | মোবাইল ব্যাংকিং এজেন্ট | ১,০০০.০০ | ঐ |
| ৪ | চাইনিজ রেস্তোরা | ১০,০০০.০০ | ঐ |
| ৫ | সিনেপ্লেক্স | ২০,০০০.০০ | ঐ |
| ৬ | মুদির দোকান (মাঝারী) | ১,০০০.০০ | ঐ |
| ৭ | মুদির দোকান (ছোট) | ,৫০০.০০ | ঐ |
| ৮ | অপটিক্যাল লেন্স তৈরী ও বিক্রয় | ২,০০০.০০ | ঐ |
| ৯ | আই সি ইউ (প্রাইভেট) | ৩০,০০০.০০ | ঐ |
| ১০ | মাদকাসক্ত নিরাময় কেন্দ্র | ২,০০০.০০ | ঐ |
| ১১ | ডেন্টাল এক্সরে | ২,০০০.০০ | ঐ |
| ১২ | কিডনি ডায়ালাইসিস | ৫,০০০.০০ | ঐ |
| ১৩ | ডেন্টাল ক্লিনিক/চেম্বার | ৫,০০০.০০ | ঐ |
| ১৪ | বিটুমিন সরবরাহকারী | ২,০০০.০০ | ঐ |
| ১৫ | ডিজিটাল স্ক্রীন (প্রতিবর্গফুট) | ৫,০০০.০০ | ঐ |
| ১৬ | গুদাম (মাঝারি) | ৫,০০০.০০ | ঐ |
| ১৭ | গুদাম (ছোট) | ৩,০০০.০০ | ঐ |
| ১৮ | স্টক ব্যবসা (বড়) | ২,০০০.০০ | ঐ |
| ১৯ | স্টক ব্যবসা (ছোট) | ১,০০০.০০ | ঐ |
| ২০ | সয়েল টেস্টিং ফার্ম | ৩,০০০.০০ | ঐ |
| ২১ | ই-কর্মাস মাল্টিন্যাশনাল প্রতিষ্ঠান | ৩০,০০০.০০ | ঐ |
| ২২ | ই-কর্মাস ন্যাশনাল প্রতিষ্ঠান | ১৫,০০০.০০ | ঐ |
| ২৩ | ই-কর্মাস লোকাল (স্থানীয়) | ৫,০০০.০০ | ঐ |
| ২৪ | ক্রিড়া প্রশিক্ষণ একাডেমি, প্রতিষ্ঠান/ কিডস জোন | ৫,০০০.০০ | ঐ |
| ২৫ | এক্সেলেটর সিড়ি/লিফট/জেনেটর সরবরাহকারী প্রতিষ্ঠান | ২০,০০০.০০ | ঐ |
| ২৬ | বেসরকারী পার্ক/ পিকনিক কর্ণার | ১০,০০০.০০ | ঐ |
| ২৭ | রিসোর্ট | ১৫,০০০.০০ | ঐ |
| ২৮ | সাঁতার প্রশিক্ষণ সেন্টার | ২,০০০.০০ | ঐ |
| ২৯ | ফুড সাপ্লিমেন্টারী | ৩,০০০.০০ | ঐ |
| ৩০ | আয়ুর্বেদিক ঔষধ ফ্যাক্টরী | ৩,০০০.০০ | ঐ |
| ৩১ | পেলোডার/বুলড্রেজার/এক্সেভেটর ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান | ১০,০০০.০০ | ঐ |
| ৩২ | রেডিমিক্স ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান | ১০,০০০.০০ | ঐ |
| ৩৩ | এসফ্লাল্ট প্লান্ট | ২০,০০০.০০ | ঐ |

| ক্রমিক নং | ব্যবসার ধরন (ক্যাটাগরি) | প্রস্তাবিত ট্রেড লাইসেন্স ফি | মন্তব্য |
|---|---|---|---|
| ৩৪ | শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠান | ২,০০০.০০ | ঐ |
| ৩৫ | দই/ঘি/মাখন প্রস্তুতকারী প্রতিষ্ঠান | ২,০০০.০০ | ঐ |
| ৩৬ | ইট ভাটা চেম্বার | ৫,০০০.০০ | ঐ |
| ৩৭ | অনলাইন নিউজ প্রোটাল | ১,০০০.০০ | ঐ |
| ৩৮ | টিস্যু পেপার, স্যানিটারী নেপকিন, হ্যান্ডসেনিটাইজার মাস্ক বিক্রেতা | ২,০০০.০০ | ঐ |
| ৩৯ | পাথর ইট ক্রাসিং মেসিন ভাড়া | ৩,০০০.০০ | ঐ |
| ৪০ | গরু/মহিষ মোটাতাজাকরণ | ২,০০০.০০ | ঐ |
| ৪১ | কাঠের উপর নক্সা খোদাই/খরাৎ মেশিন | ৩,০০০.০০ | ঐ |
| ৪২ | মসলা বিক্রয় | ২,০০০.০০ | ঐ |
| ৪৩ | অনলাইন ভিত্তিক গাড়ী ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান (উবার বা সমজাতীয়) | ১০,০০০.০০ | ঐ |
| ৪৪ | লেদ মেশিন | ২,০০০.০০ | ঐ |
| ৪৫ | সিগারেট, বিড়ি/তামাকজাত দ্রব্য বিক্রয় | ১,০০০.০০ | ঐ |
| ৪৬ | জমি ক্রয় বিক্রয় | ৫,০০০.০০ | ঐ |
| ৪৭ | মৎস্য খামার | ২,০০০.০০ | ঐ |
| ৪৮ | শিক্ষা টেকনোলোজী (অনলাইন) | ৩,০০০.০০ | ঐ |
| ৪৯ | দাঁতের ক্যাপ তৈরী | ২,০০০.০০ | ঐ |
| ৫০ | ট্রেড লাইসেন্স প্রতিলিপি (নকল) কপি | ১,০০০.০০ | ঐ |
| ৫১ | ইংরেজী ভার্সন ফি | ১,০০০.০০ | ঐ |
| ৫২ | ফিজিওথেরাপি/রেডিওথেরাপি | ৫,০০০.০০ | ঐ |
| ৫৩ | কম্পিউটার সার্ভিসিং সেন্টার | ১,৫০০.০০ | ঐ |
| ৫৪ | ইলেকট্রিক/ইলেকট্রোনিক্স সার্ভিসিং সেন্টার | ১,৫০০.০০ | ঐ |
| ৫৫ | সি. এন্ড সি. মেশিনে কাঠে ডিজাইন প্রতিষ্ঠান | ৩,০০০.০০ | ঐ |
| ৫৬ | স্বর্ণ অলঙ্কার রেজার কাটিং প্রতিষ্ঠান | ৩,০০০.০০ | ঐ |
| ৫৭ | প্লেনসিট/গ্রীল লেজার কাটিং প্রতিষ্ঠান | ৩,০০০.০০ | ঐ |
| ৫৮ | অনলাইনে ফাস্টফুড/খাদ্য দ্রব্য সরবরাহকারী ও বিভিন্ন প্রকার সাজানো | ২,০০০.০০ | ঐ |
| ৫৯ | ব্লক তৈরীর উপকরন,ব্লক তৈরী ও ক্রয় বিক্রয় | ৮,০০০.০০ | ঐ |
| ৬০ | টিস্যু মাস্ক তৈরী প্রতিষ্ঠান | ২,০০০.০০ | ঐ |
| ৬১ | কৃষি খামার | ২,০০০.০০ | ঐ |
| ৬২ | কৃষিজাত দ্রব্য সামগ্রী প্রস্তুতকারী প্রতিষ্ঠান | ২,০০০.০০ | ঐ |

সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত ব্যাসার ধরণ গুলি মডেল ট্যাক্স সিডিউলে অন্তর্ভুক্ত করণের জন্য প্রশাসনিক অনুমোদন নিয়ে মন্ত্রণালয়ে প্রেরনের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৭। রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য অফিস কর্তৃক বিভিন্ন বিল এবং অগ্রিম গ্রহণের স্বার্থে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন নামে একটি সঞ্চয়ী হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা জানান, কর্পোরেশনের বিভিন্ন প্রোগ্রামের জন্য অগ্রীম প্রয়োজন হয়। এক্ষেত্রে অগ্রীম অর্থ কোন কর্মকর্তা বহণ করতে চান না। ফলে নিজ হিসাবে দেখানোর ফলে আয়কর কর্তৃপক্ষের নিকট ঝামেলা পোহাতে হয়। এ বিষয়ে বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা জানান, পিপিআর-২০০৮ এর ৮১ ধারায় সরকারী নগদ আয়ের ক্ষেত্রে ২৫ হাজার টাকা রয়েছে এবং ৮২ ধারায় ফোর্স এ্যাকাউন্টের মাধ্যমে ৩ লক্ষ টাকার বিধান রয়েছে। তিনি জানান কোন কর্মসূচীর ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে চেক মাধ্যমে দিলে আর্থিক নিয়ম সুচারু ভাবে পালিত হবে।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় বেতন ব্যতিত অফিস কর্তৃক কোন কর্মকর্তার নামে হিসাব না খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া পিপিআর-২০০৮ এর ৮১ ও ৮২ ধারা অনুসারে যদি প্রয়োজন হয় তবে ৩ লক্ষ টাকার ৮০% অগ্রীম গ্রহণ করে তা পরবর্তীতে বিল দাখিলের মাধ্যমে সমন্বয় করার প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৮। খন্ডকালীন আইন উপদেষ্টা (দেওয়ানী) সহযোগী হিসেবে নিয়োগ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় উপসচিব জানান, দেওয়ানী আদালতে একজন খন্ডকালীন আইন উপদেষ্টা সহযোগী নিয়োগ দেয়া হয়েছে। তার নাম জনাব শেখ তোজাম্মেল আহমেদ, এ্যাডভোকেট, জর্জকোর্ট, রাজশাহী। তিনি ইতোমধ্যে কাজ করছেন। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় পর্যালোচনা পূর্বক খন্ডকালীন আইন উপদেষ্টা (দেওয়ানী) সহযোগী হিসেবে নিয়োগের সুপারিশ অনুমোদন করে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পারিশ্রমিক প্রদানের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১৯। জাতীয় নেতা শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান জন্মশতবর্ষ উপলক্ষে প্রকাশিত “শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান জন্মশতবর্ষের শ্রদ্ধাঞ্জলি” বইটির ১০০০ কপি ক্রয় প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় গবেষণা কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্বে) জনাব মাহাবুবুর রহমান জানান, জাতীয় নেতা শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এর জন্মশতবর্ষ উপলক্ষে প্রকাশিত “শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এর জন্মশতবর্ষের শ্রদ্ধাঞ্জলি” বইটি সাবেক মন্ত্রি পরিষদ সচিব জনাব কবির বিন আনোয়ার রচনা করেছেন। তিনি জানান, বর্তমানে রাজশাহী মহানগরীতে শিক্ষা প্রতিষ্ঠান সহ আগত দেশি বিদেশি মেহমান কে এই বই দিয়ে রাজশাহীর পরিচিতি করানো যেতে পারে। সভায় এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় “শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এর জন্মশতবর্ষের শ্রদ্ধাঞ্জলি” বইটি ১০০০ কপি ক্রয় করে তা উপহার হিসেবে দেশি, বিদেশি মেহমান ও রাজশাহী মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও পাঠাগারে প্রদানের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ২০। বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকুলে প্রদানকৃত অনুদান সম্পর্কে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা জানান, মাননীয় মেয়র বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকুলে সাহায্য বা অনুদান প্রদান করে থাকেন। তিনি তার একটি তালিকা পেশ করেন। তালিকা অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান গুলি হচ্ছে

| | জুলাই-২০২৩ | | |
|---|---|---|---|
| ১। | কিশোর ফুটবল একাডেমি, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |
| ২। | হেরিটেজ আর্কাইভ, বাংলাদেশ | = | ৫০,০০০.০০ |
| ৩। | মুক্তিযোদ্ধা সংসদ, রাজশাহী | = | ৩,০০,০০০.০০ |
| ৪। | পদ্মা সার্বজনীন মন্দির, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |
| | মোট | = | **৫,৫০,০০০.০০** |
| | আগষ্ট-২৩ | | |
| ৫। | কিশোর ফুটবল একাডেমি, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ৬। | হেরিটেজ আরকাইভ, বাংলাদেশ | = | ৫০,০০০.০০ |
| ৭। | মাহমুদা খাতুন, সিটি মিউজিয়াম ও আর্কাইভ শাখা | = | ১,০০,০০০.০০ |
| ৮। | পাপড়ী ভাতুন বৃষ্টি, স্বাস্থ্য সহকারী | = | ১,০০,০০০.০০ |
| | মোট | = | ৩,৫০,০০০.০০ |
| | **সেপ্টেম্বর-২৩** | | |
| ৯। | কিশোর ফুটবল একাডেমি, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |
| ১০। | হেরিটেজ আরকাইভ, বাংলাদেশ | = | ৫০,০০০.০০ |
| ১১। | সারদা শতক উৎযাপন, মহিলা কলেজ | = | ১,০০,০০০.০০ |
| | মোট | = | ২,৫০,০০০.০০ |
| | **অক্টোবর-২৩** | | |
| ১২। | কিশোর ফুটবল একাডেমি, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |
| ১৩। | হেরিটেজ আরকাইভ, বাংলাদেশ | = | ৫০,০০০.০০ |
| | মোট | = | ১,৫০,০০০.০০ |
| | **নভেম্বর-২৩** | | |
| ১৪। | কিশোর ফুটবল একাডেমি, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |
| ১৫। | হেরিটেজ আরকাইভ, বাংলাদেশ | = | ৫০,০০০.০০ |
| ১৬। | আনিসুর রহমান, মালি, রাসিক | = | ৫০,০০০.০০ |
| ১৭। | মোঃ মঈদুল ইসলাম জীবন, লিফট অপারেটর | = | ১,০০,০০০.০০ |
| | মোট | = | ৩,০০,০০০.০০ |
| | **ডিসেম্বর-২৩** | | |
| ১৮। | কিশোর ফুটবল একাডেমি, রাজশাহী | = | ১,০০,০০০.০০ |
| ১৯। | হেরিটেজ আরকাইভ, বাংলাদেশ | = | ৫০,০০০.০০ |
| ২০। | মোঃ মেহেদী হাসান, লিফট অপারেটর | = | ১,০০,০০০.০০ |
| | মোট | = | ২,৫০,০০০.০০ |

সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকুলে সাহায্য বা অনুদান প্রদান করা হয় তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ২১। ই.পি.আই. সুপারভাইজার হিসেবে বেতন বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় এ বিষয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান, ইপিআই সুপারভাইজারগণের কাজের দক্ষতা বিবেচনা করে তাদের বেতন বৃদ্ধি করা প্রয়োজন। মাননীয় মেয়র ইপিআই সুপারভাইর এর দৈনিক বেতন কত জানতে চাইলে বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা বলেন, বর্তমানে দৈনিক ৪৯৫/- টাকা করে মজুরী প্রদান করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় এ বিষয়ে মাননীয় মেয়র বলেন, আগামী বাজেটের আগে কোন প্রকার মজুরী বৃদ্ধি না করার প্রস্তাব করলে তা সকলে একমতপোষণ করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ২২। খন্ডকালীন হোমিও চিকিৎসক পদে ডাঃ নুরুল ইসলাম এর সুযোগ সুবিধা প্রদান প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় এ বিষয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান, হোমিও চিকিৎসক এর কাজের দক্ষতা বিবেচনা করে তার সুযোগ সুবিধা প্রদান করা প্রয়োজন। মাননীয় মেয়র হোমিও চিকিৎসক এর দৈনিক বেতন কত জানতে চাইলে বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা বলেন, বর্তমানে দৈনিক ৮৯০/- টাকা করে মজুরী প্রদান করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় এ বিষয়ে মাননীয় মেয়র বলেন, আগামী বাজেটের আগে কোন প্রকার মজুরী বৃদ্ধি না করার প্রস্তাব করলে তা সকলে একমতপোষণ করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ২৩। বিবিধ-১ঃ মুভমেন্ট রেজিষ্টার চালু করণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় সচিব জানান, নগর ভবনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী অফিস চলাকালীন সময়ে অফিসের বাইরে বা নিজ কক্ষের বাইরে গেলে শাখা প্রধান বা বিভাগীয় প্রধানকে অবহিত করেন না। যে কারনে কাজের অনেক ব্যাঘাত সৃষ্টি হয়। সেইক্ষেত্রে অফিস মুভমেন্ট রেজিষ্টার প্রয়োজন। সচিব মহোদয়ের এ ধরণের উদ্যোগ কর্পোরেশনের কাজের গতিশীলতা আনবে বলে সকলে একমত পোষণ করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় প্রতি বিভাগ/শাখায় মুভমেন্ট রেজিষ্টার চালু করার জন্য সচিব মহোদয়কে দায়িত্ব প্রদান করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ২৩। বিবিধ-২ঃ ২নং ওয়ার্ডে ওয়ালটনের সাইনবোর্ড অপসারণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় প্রধান প্রকৌশলী জানান যে, ওয়ালটনের সাইনবোর্ড অপসারণ না করার ফলে উন্নয়ন কাজ ব্যহত হচ্ছে। তিনি জানান, তারা হাইকোর্টে সাইনবোর্ড অপসারণ না করার জন্য একটি রিট করে নিষেধাজ্ঞা জারী করেছেন। মাননীয় মেয়র এ বিষয়ে ক্ষোভ প্রকাশ করেন বলেন, আগামীতে এ ধরণের অনুমতি দেওয়া হলে প্রকৌশল বিভাগের সহিত নথির মাধ্যমে মতামত নিতে হবে। এ বিষয়ে আইনগত পদক্ষেপ নেয়ার জন্য আইন কর্মকর্তা/নির্বাহী ম্যাজিষ্ট্রেট কে দায়িত্ব প্রদান করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় এ বিষয়ে আইনগত পদক্ষেপ নেয়ার জন্য আইন কর্মকর্তা/নির্বাহী ম্যাজিষ্ট্রেট কে দায়িত্ব প্রদান করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ২৩। বিবিধ-৩ঃ বিজ্ঞাপন খাত প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় জনাব মোঃ নিযাম উল আযীম, প্যানেল মেয়র-১, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১ জানান, রাজশাহী সিটি কর্পোরেশন বলেন, এই খাতে আদায়ের বিষয়ে অনেক অনিয়ম হচ্ছে। মাননীয় মেয়র এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করার জন্য সচিব মহোদয়কে নির্দেশনা প্রদান করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় বিজ্ঞাপন কর আদায় অনিয়মের বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করার প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

আর কোনো আলোচনা না থাকায় মাননীয় মেয়র সকলকে প্রানবন্ত আলোচনায় অংশ গ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

(এ.এইচ.এম. খায়রুজ্জামান লিটন)
মেয়র
ও
সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি

রাজশাহী সিটি কর্পোরেশন

**স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৪.২৪.১৭৬-৫৬৬(খ)** **তারিখ-০৬.০২.২০২৪খ্রিঃ**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল ঃ

১। জনাব/বেগম ........................................................................................ সম্মানিত কাউন্সিলর, সাধারণ আসন, ওয়ার্ড নং-........... সংরক্ষিত আসন, জোন নং-............. রাজশাহী সিটি কর্পোরেশন।

২। ...................................................................................................... বিভাগীয় প্রধান, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। .......................................................................................................... শাখা প্রধান, রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। অফিস কপি।

(মোঃ শফিকুল ইসলাম খান)
বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা
ও
সদস্য সচিব
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।

০৬/০২/২০২৪